

## দশ শিক্ষা বোর্ডের ফলাফল বিশ্লেষণ

বিভিন্ন বোর্ড পরিবেশক

ঢাকা শিক্ষা বোর্ডের পাসের হার এবার বাড়লেও অন্য বোর্ডের তুলনায় পাসের হার কিছুটা কম। ঢাকা শিক্ষা বোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল তিন লাখ ১৫ হাজার ৭৮৪ জন ছাত্রছাত্রী। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে দুই লাখ ৭৫ হাজার ৭২৬ জন। গড় পাসের হার ৮৭ শতাংশ। এ বোর্ড থেকে এবার জিপিএ-৫ পেয়েছে ২৬ হাজার ৮৫ শতাংশ। এ বোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল এক লাখ ১৪ হাজার ৮৬২ জন ছাত্রছাত্রী। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে এক লাখ আট হাজার ৯ জন ছাত্রছাত্রী। এ বোর্ডের গড় পাসের হার ৯৪ শতাংশ। এ বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ১২ হাজার ২০০ জন শিক্ষার্থী। কুমিল্লা বোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল এক লাখ ২৮ হাজার ৬৪২ জন ছাত্রছাত্রী। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে এক লাখ ১৬ হাজার ৩০৭ জন ছাত্রছাত্রী। এ বোর্ডের গড় পাসের হার ৯০ শতাংশ। গড় বছর যা ছিল ৮৫ শতাংশ। এবার কুমিল্লা বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে

দশ শিক্ষা : পৃষ্ঠা : ১৫ ক : ৩

### দশ শিক্ষা : বোর্ডের

(১ম পৃষ্ঠার পর)

সাত হাজার ৮৫৫ জন শিক্ষার্থী। যশোর বোর্ড থেকে এবার এই পরীক্ষায় অংশ নিয়েছিল এক লাখ ১৮ হাজার ২৯৩ জন ছাত্রছাত্রী। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে এক লাখ ৯ হাজার ৫৫৯ জন শিক্ষার্থী। এ বোর্ডের গড় পাসের হার ৯২ শতাংশ। গড় বছর যা ছিল ৮৭ শতাংশ। এ বোর্ড থেকে এবার জিপিএ-৫ পেয়েছে ৯ হাজার ৮৬ জন শিক্ষার্থী।

চট্টগ্রাম শিক্ষা বোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ৮৬ হাজার ৩৬৭ জন ছাত্রছাত্রী। এরমধ্যে পাস করেছে ৭৬ হাজার ৩৭ জন। এ বোর্ডের গড় পাসের হার ৮৮ শতাংশ। গড় বছর যা ছিল ৭৮ শতাংশ। এ বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে সাত হাজার ৩৫৮ জন শিক্ষার্থী।

বরিশাল শিক্ষা বোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ৬৩ হাজার ৫৭৬ জন ছাত্রছাত্রী। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৫৬ হাজার ৩৬৮ জন। এ বোর্ডের গড় পাসের হার ৮৮ শতাংশ। গড় বছর যা ছিল ৮৬ শতাংশ। বরিশাল বোর্ড থেকে এবার জিপিএ-৫ পেয়েছে তিন হাজার ৫১৪ জন শিক্ষার্থী।

সিলেট বোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ৫৮ হাজার ৫০৬ জন শিক্ষার্থী। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৫২ হাজার ৪৫ জন। এ বোর্ডে এবার গড় পাসের হার ৮৮ শতাংশ। গড় বছর যা ছিল ৯১ শতাংশ। এ বোর্ড থেকে এবার জিপিএ-৫ পেয়েছে দুই হাজার ৭৮৯ জন শিক্ষার্থী।

দিনাজপুর শিক্ষা বোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল এক লাখ এক হাজার ৩৮৭ জন ছাত্রছাত্রী। এরমধ্যে পাস করেছে ৯১ হাজার ৮৬০ জন। এ বোর্ডে এবার গড় পাসের হার ৯০ শতাংশ। গড় বছর যা ছিল ৮৭ শতাংশ। দিনাজপুর বোর্ড থেকে এবার জিপিএ-৫ পেয়েছে আট হাজার ১৮৬ জন শিক্ষার্থী।

মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এবার দাবিতল পরীক্ষায় অংশ নিয়েছিল দুই লাখ ২১ হাজার ২৫৭ জন ছাত্রছাত্রী। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে এক লাখ ৯৭ হাজার ১৯৯ জন। এ বোর্ডের গড় পাসের হার ৮৯ শতাংশ। গড় বছর যা ছিল ৮৮ শতাংশ। মাদ্রাসা বোর্ড থেকে এবার জিপিএ-৫ পেয়েছে ৯ হাজার ৬৭৩ জন শিক্ষার্থী।

কারিগরি শিক্ষা বোর্ডের এবার এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় অংশ নিয়েছিল ৮৮ হাজার ৩৬০ ছাত্রছাত্রী। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৭১ হাজার ৬৮৮ জন। এ বোর্ডের গড় পাসের হার ৮২ শতাংশ। গড় বছর যা ছিল ৮০ শতাংশ। এ বোর্ড থেকে এবার জিপিএ-৫ পেয়েছে চার হাজার ১৭২ জন শিক্ষার্থী।

বিদেশ কেন্দ্রের ফল : এবার বিদেশের সাতটি পরীক্ষা কেন্দ্র থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ২৮৫ জন ছাত্রছাত্রী। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ২৭৭ জন। পাসের হার ৯৭ শতাংশ। এ বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ৭৫ জন।